

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৯৮

৩/ হায়িয (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ৩/২১. মনী নির্গত হলে গোসল অপরিহার্য (যা পরবর্তী অধ্যায়ে উল্লেখিত হাদীস দ্বারা রহিত হয়ে গেছে)।

إنما الماء من الماء

আরবী

حَدِيْثُ عُثْمَانَ بْنَ عَفَّانَ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ لَهُ زَيْدِ بِنِ خَالَدٍ أَرَأَيْتَ إِذَا جَامَعَ فَلَمْ يُمْنِ قَالَ عُثْمَانُ سَمِعْتُهُ مِنْ رَسُولِ اللهِ قَالَ عُثْمَانُ سَمِعْتُهُ مِنْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم

বাংলা

১৯৮. যায়দ ইবনু খালিদ (রাযি.) হতে বর্ণিত, তিনি 'উসমান ইবনু 'আফফান (রাযি.)-কে জিজ্ঞেস করলেনঃ 'কেউ যদি স্ত্রী সহবাস করে, কিন্তু মনী (বীর্য) বের না হয় (তবে তার হুকুম কী)? 'উসমান (রাযি.) বললেনঃ 'সে সালাতের ন্যায় উযূ করে নেবে এবং তার লজ্জাস্থান ধুয়ে ফেলবে। উসমান (রাযি.) বলেন, আমি এ কথা আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে শুনেছি।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৪ : উযূ, অধ্যায় ৩৪, হাঃ ১৭৯; মুসলিম, পর্ব ৩: হায়য, অধ্যায় ২১, হাঃ ৩৪৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু খালিদ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন